

## সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৪১০

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৪৫. একবার করে উযূর অঙ্গসমূহ ধৌত করা।

### بَاب مَا جَاءَ فِي الْوُضُوءِ مَرَّةً مَرَّةً

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَامِرٍ بْنُ زُرَّارَةَ، حَدَّثَنَا شَرِيكُ بْنُ عَبْدِ اللَّهِ النَّخَعِيُّ، عَنْ ثَابِتِ بْنِ أَبِي صَفِيَّةَ الثَّمَالِيِّ، قَالَ سَأَلْتُ أَبَا جَعْفَرٍ قُلْتُ لَهُ حَدَّثْتَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - تَوَضَّأَ مَرَّةً مَرَّةً قَالَ نَعَمْ . قُلْتُ وَمَرَّتَيْنِ مَرَّتَيْنِ وَثَلَاثًا ثَلَاثًا قَالَ نَعَمْ .

বাংলা

১/৪১০। সাবিত ইবনু আবু সাফিয়্যাহ আস-সুমালাী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবু জাফার (রহঃ)-কে জিজ্ঞেস করে বললাম, আমার নিকট জাবির ইবনু আবদুল্লাহ থেকে হাদীস বর্ণনা করা হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার করে উযূর অঙ্গ ধৌত করতেন? তিনি বলেন, হ্যাঁ। আমি বললাম, তিনি কি দুবার অথবা তিনবার করে উযূ (ওজু/অজু/অযু) অঙ্গ ধৌত করেছেন? তিনি বলেন, হ্যাঁ।

## English

It was narrated that Thabit bin Abi Safiyyah Ath-Thumali said:  
"I asked Abu Ja'far: Was it narrated to you from Jabir bin 'Abdullah that the Prophet performed ablution washing each part once?' He said: 'Yes.' I said: 'And each part twice, and each part thrice?' He said: 'Yes.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ৪৫

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: মিশকাত ৪২২ যঈফ, সহীহাহ ২১২২ সহীহ, মিশকাত ৪২২। উক্ত হাদিসের রাবী সাবিত বিন আবু সাফিয়্যাহ আস সুলামী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায়

দুর্বল। আবু যুরআহ ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি দুর্বল। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ নন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=10325>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন